

NYC Health + Hospitals-এর Pride Health সেন্টারসমূহ

LGBTQ+ ব্যক্তিবর্গের জন্য একটি নিরাপদ ও
সমাদৃত স্বাস্থ্যসেবার পরিবেশ



জীবন সুস্বাস্থ্যে কাটান।

NYC
HEALTH+
HOSPITALS



আমরা সহযোগী

NYC Health + Hospitals নিউ ইয়র্কবাসী লেসবিয়ান, গে, বাই-সেক্সুয়াল, ট্রান্সজেন্ডার এবং কুইয়ার+ (LGBTQ+) ব্যক্তিদের যথাসাধ্য স্বাস্থ্যকর জীবন যাপনের জন্য **ক্ষমতায়নে প্রতিশ্রুতিবদ্ধ**। আমাদের স্বাস্থ্য ব্যবস্থা একটি সমাদৃত পরিবেশে সংবেদনশীল, সহানুভূতিশীল এবং সম্মানজনক পরিচর্যা প্রদান করে। অর্থপূর্ণ অ্যাক্সেস নিশ্চিত করার জন্য, কথা বলার ভাষা বা অভিবাসনগত অবস্থা নির্বিশেষে আমাদের একটি রোগী-কেন্দ্রিক পদ্ধতি রয়েছে। দোভাষী পরিষেবার ব্যবস্থা আছে।

সহযোগী হিসেবে, আমরা নাগরিক অধিকার এবং LGBTQ+ স্বাস্থ্য সমতাকে সমর্থন করি। আমাদের কেন্দ্রগুলিতে সমস্ত LGBTQ+ রোগী এবং পরিবারের জন্য উন্মুক্ত ভিজিটের অধিকার রয়েছে— এবং যৌন অভিমুখিতা, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তির উপর ভিত্তি করে বৈষম্যের প্রতি আমাদের শূন্য সহনশীলতা বা জিরো টলারেঞ্চ রয়েছে।

আপনার উপযোগী স্বাস্থ্য পরিচর্যা

আমরা বুঝতে পারি যে LGBTQ+ সম্প্রদায়ের সদস্য হিসেবে, আপনার স্বাস্থ্য সংক্রান্ত বিশেষ যত্নের চাহিদা এবং উদ্বেগ রয়েছে। আমাদের Pride Health সেন্টারসমূহ LGBTQ+ নিউ ইয়র্কবাসীদের জন্য সহায়তামূলক স্বাস্থ্যসেবা পাওয়ার গুরুত্বপূর্ণ স্থান হিসেবে কাজ করে। কিভাবে সাংস্কৃতিকভাবে সংবেদনশীল পরিচর্যা প্রদান করা যায় তা বোঝার জন্য **এই কেন্দ্রগুলিতে স্বাস্থ্যসেবা প্রদানকারীরা ব্যাপক প্রশিক্ষণ পেয়েছেন**। আপনার স্বাস্থ্যের চাহিদাগুলি মেটাতে এবং নিরাপদ ও সমাদৃত পরিবেশে আপনার সমস্ত প্রশ্নের উত্তর দিতে আমাদের ক্লিনিশিয়ানরা এখানে রয়েছেন।



আমাদের পরিষেবাগুলি

- + প্রাথমিক পরিচর্যা, যার মধ্যে রয়েছে টিকাদান, হরমোন থেরাপি এবং সার্জিকাল রেফারালসমূহ
- + আচরণগত স্বাস্থ্য পরিষেবা এবং রেফারালসমূহ
- + প্ৰি-এক্সপোজার প্রফিল্যাক্সিস (Pre-exposure prophylaxis, PrEP)
- + পোস্ট-এক্সপোজার প্রফিল্যাক্সিস (Post-exposure prophylaxis, PEP)
- + এইচআইভি পরীক্ষা এবং চিকিৎসা
- + যৌনবাহিত সংক্রমণ (Sexually transmitted infection, STI) পরীক্ষা এবং চিকিৎসা
- + বীমার দিকনির্দেশনা এবং তালিকাভুক্তি
- + Jacobi এবং Judson-এ বয়ঃসন্ধি প্রতিরোধক
- + Bellevue, Gouverneur, Jacobi, Judson, Lincoln এবং Metropolitan-এ প্রসূতি/স্ত্রীরোগ বিশেষজ্ঞ কেয়ার নিশ্চিতকরণ
- + Lincoln-এ ভয়েস কোচিং





Lincoln এবং Metropolitan-এ আমাদের নিম্নলিখিত
লিঙ্গ নিশ্চিতকরণ সার্জারিগুলিও রয়েছে:

- + টপ সার্জারি
- + হিস্টেরেক্টমি
- + ওফোরেক্টমি
- + হেয়ারলাইন লোয়ারিং
- + ফ্রন্টাল বোন রিশেপিং/ফ্রন্টাল সাইনাস রিসেট
- + ম্যান্ডিবুলার চোয়াল (জিনিওপ্লাস্টি এবং অ্যাপ্কেল রিসেকশন)
- + ট্র্যাকিয়াল শেভ
- + রাইনোপ্লাস্টি
- + গালের হাড় প্রবর্ধন
- + সেপ্টোপ্লাস্টি

অফারগুলির একটি সম্পূর্ণ তালিকা এবং
প্রতিটি অস্ত্রোপচারের পাশাপাশি আর্থিক
এবং বীমা পরামর্শের মতো অন্যান্য
পরিষেবাগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য,
এখানে ক্লিক করুন।



স্থানসমূহ:

Brooklyn

WOODHULL

রোগীর বয়স: প্রাপ্তবয়স্ক (18+)

760 Broadway, Room 2B-151 (Main Floor)

Brooklyn, NY 11206

ফোন: 718-963-8068

Bronx

JACOBI

রোগীর বয়স: সব বয়সের

1400 Pelham Parkway South, Building 8

1st Floor, Suite 1D, Bronx, NY 10461

ফোন: 718-918-7787

LINCOLN

রোগীর বয়স: প্রাপ্তবয়স্ক (18+)

234 East 149th Street, 8th Floor, Suite 8A

Bronx, NY 10451

ফোন: 718-579-5264

Manhattan

BELLEVUE

রোগীর বয়স: প্রাপ্তবয়স্ক (18+)

462 First Avenue, New York, NY 10016

ফোন: 212-562-8416

GOUVERNEUR

রোগীর বয়স: প্রাপ্তবয়স্ক (18+)

227 Madison Street, 2nd Floor

New York, NY 10002

ফোন: 212-441-5469

ই-মেইল: gouvlgbtq@nychhc.org

JUDSON

রোগীর বয়স: কিশোর এবং তরুণ প্রাপ্তবয়স্ক (29 বছর পর্যন্ত)

34 Spring Street, New York, NY 10012

ফোন: 212-925-5000, অপশন 2

METROPOLITAN

রোগীর বয়স: সব বয়সের

1901 First Avenue, 7th Floor South

New York, NY 10029

ফোন: 212-423-7292

ই-মেইল: metlgbt@nychhc.org





সাথে থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।

nychealthandhospitals.org